তারিখ ... 30 MAR 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

দৈনিক সংবাদ ২০০

## দু'টি ছাত্র সংগঠনের সংঘর্ষের জের

# অনির্দিষ্টকালের জন্য মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

দু'টি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে অব্যাহত সংঘর্ষের মুখে ঢাকা মেডিক্যাল কলেজ গতকাল শুক্রবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছে। কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী আবাসিক ছাত্রছাত্রীরা গতকাল বেলা ১২টার মধ্যে ছাত্রাবাস ত্যাগ করেছে।

বৃহস্পতিবার কলেজ ছাত্র সংসদের ক্রীড়ানুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রীর উপস্থিতিকে কেন্দ্র করে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগের (শো-অ) কর্মীদের মধ্যে যে সংঘর্ষ বাধে তার জের হিসেবে বৃহস্পতিবার রাতে ক্যাম্পাসে বিচ্ছিন্নভাবে ফাঁকা গুলীবর্ষিত হয়। কলেজের অধ্যক্ষ জানিয়েছেন, রাতে তারা ছাত্রাবাসে

মেডিক্যালঃ ১০-এর পাতায়

## মেডিক্যালঃ বন্ধ ঘোষণা

(১ম পাতার পর)

অবস্থান করলেও পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে যাওয়ায় তাদেরকে পুলিশ ডাকতে হয়। এরপর সকাল ৭টায় কলেজের একাডেমিক কমিটির জরুরী সভা ডেকে তাতে পরিস্থিতি পর্যালোচনার পর কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গতকাল সকালেও উভয় সংগঠনের কর্মীদের মধ্যে সংঘর্ষের খবর পাওয়া গেছে। কলেজ শাখা ছাত্রলীগের এক বিবৃতিতে বলা হয়, ছাত্রদলের কর্মীরা কলেজ ছাত্র সংসদে হামলা চালিয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ এবং ছাত্রাবাসের ১০টি কক্ষ ভাঙচুর ও লুট করেছে। অন্যদিকে ছাত্রদল সূত্রে বলা হয়ঃ ছাত্রলীগ কর্মীরা সকালে ক্যাম্পাসে এবং বাড়ী যাবার পথে কমলাপুর রেলস্টেশনে ছাত্রদল কর্মীদের মারধর করেছে। এ ব্যাপারে কলেজের অধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, তিনি পুরো ঘটনা জানেন না; তবে এসব ঘটনা ঘটে থাকতে পারে।